২। মেলার গুণ বলব কত, দীন হীন কাঙ্গাল যত,
পেয়ে ধন মনের মত নিচ্চে সিন্দুক পুরে।
মেলায় যে গিয়েছে সেই পেয়েছে, দিতেছে ধন অকাতরে।।
৩। ছিল ধন অনর্পিত, কলিতে সমর্পিত,
জীবের সৌভাগ্য কত, কে বলিতে পারে।
শ্রীরাধার খাস ভাণ্ডার ভেঙ্গে দিতেছে ধন অকাতরে।।
৪। সুরসিক ভক্ত যারা, প্রেম রসে তনু পোরো,
সওদাগর হ'য়ে তারা ভক্তি নিক্তি ধ'রে।
এবার মন বুঝে ধন ক'রেছে ওজন এক মনের
কম দেয়না কারে।।
৫। গুরুচাঁদ প্রেম ভাণ্ডারী, *গোলোকচাঁদ প্রেম প্রহরী,
তারকচাঁদ ধরে দাঁড়ি দিচ্ছে ওজন করে।
দয়াল মহানন্দ জাহাজ পুরে দিতেছে ধন ঘরে ঘরে।।
৬। ভণ্ড পাষণ্ড যত, ধন পেয়ে হ'ল মত্ত,
ত্যজে সংসার অনিত্য সবায় নৃত্য করে।
এবার রিপুর বসে, কর্ম্মদোষে অশ্বিনী ধন পেলনারে।।

## ২১ নং তাল-একতালা

হরিনাম বলরে একান্তে,
প্রাণ সঁপে দেরে মন হরিপদ প্রান্তে।।
১। সমর্পিত দেহ হ'লে অনর্পিত প্রেম ফলে,
হরিচাঁদ হৃদয় দোলে থেক না আর ভ্রান্তে.
হরি অনুগত হ'লে তারে প্রণমে কৃতান্তে।।
২। হরিনাম বড়ই মধুর, নিকটে নয় বহুদূর,
যে ভজে সেই সে চতুর, ভাগবতে পাই শুনতে।
যেই নাম সেই হরি বলে সাধু মোহান্তে।।

---

* গোলোকচাঁদ-পূর্ণব্রহ্ম হরিচাঁদের লীলা সহচর।